



## ইরান-যুক্তরাষ্ট্র আলোচনায় অগ্রগতি, হরমুজ ইস্যুতে মতবিরোধ



সংগৃহীত ছবি

ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে শান্তিচুক্তি প্রায় চূড়ান্ত পর্যায়ে বলে দাবি করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তিনি জানান, সমঝোতা হলে হরমুজ প্রণালি আবার চালু হতে পারে। তবে ইরানের রাষ্ট্রীয় সংবাদমাধ্যম ফার্স নিউজ এ বক্তব্যকে অবাস্তব বলে মন্তব্য করেছে।

ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, দুই দেশের উত্তেজনা কিছুটা কমেছে। তবে কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয়ে এখনও আলোচনা চলছে। হরমুজ প্রণালির নিয়ন্ত্রণ ইরানের হাতেই থাকবে বলেও জানিয়েছে দেশটি।

শান্তি আলোচনায় মধ্যস্থতাকারীর ভূমিকা পালন করছে পাকিস্তান। দেশটির সেনাপ্রধান জেনারেল আসিম মুনির তেহরানে ইরানি নেতাদের সঙ্গে বৈঠক করেছেন। পাকিস্তানি সেনাবাহিনী আলোচনাকে ইতিবাচক বলে উল্লেখ করেছে।

রয়টার্স জানিয়েছে, সম্ভাব্য চুক্তিতে যুদ্ধের আনুষ্ঠানিক অবসান, হরমুজ সংকট সমাধান এবং দীর্ঘমেয়াদি আলোচনার পরিকল্পনা রয়েছে। ইরান বলেছে, তেল রপ্তানির নিষেধাজ্ঞা প্রত্যাহার ও ভবিষ্যৎ হামলার হুমকি বন্ধ করাই তাদের প্রধান দাবি।